# সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত লালপুর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর। |
| তারিখ | : | ১১ সেপ্টেম্বর ২০২৩, সময় : সকাল-১১.০০ টা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লালপুর, নাটোর। |
| সংযুক্ত সদস্য | : | ৩১ জন। |

সভার শুরুতে সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **স্বাস্থ্য বিভাগঃ**<br>সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোর এর প্রতিনিধি জানান যে, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। তিনি আরো জানান যে, বর্তমানে হাসপাতালে ০৮ জন ডেঙ্গু রোগী ভর্তি আছে। তিনি জানান যে, স্থানীয় ভাবে ডেঙ্গু সনাক্ত হচ্ছে। তাই তিনি সকলকে ডেঙ্গু প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং সতর্ক থাকার পরামর্শ দেন।<br>সভাপতি, ডেঙ্গু প্রতিরোধে উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান, সকল দপ্তর প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।, | ১. উপজেলা স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগকে পরামর্শ দেওয়া হলো।<br>২. ডেঙ্গু প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যান, সকল দপ্তর প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোর এবং সংশ্লিষ্ট সকল। |
| ২. | **অপরাধ দমনঃ-**<br>লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ও অপরাধ দমন সংক্রান্ত বিষয়ে সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, লালপুর থানার প্রতিনিধি জানান যে, বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি বলেন গত আগস্ট/২০২৩ মাসে মোট ৩৪টি মামলা হয়েছে। তন্মধ্যে মাদক সংক্রান্ত-১৮টি; নারী ও নির্যাতন আইনে-০২টি; সড়ক দূর্ঘনা-০২টি; এবং অন্যান্য-১২টি। সভাপতি অপরাধীদের গ্রেফতার এবং অপরাধ প্রতিরোধে পুলিশি অভিযান বৃদ্ধির পরামর্শ দেন এবং এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সকলকে সার্বিক সহযোগিতার অনুরোধ জানান। এছাড়াও থানায় যেন কোন মামলা পেন্ডিং না থাকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো। | ১.আইন-শৃংখলা রক্ষার্থে জন প্রতিনিধসহ সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।<br>২. অপরাধীদের গ্রেফতার এবং অপরাধ প্রতিরোধে পুলিশি অভিযান বৃদ্ধির জন্য পুলিশ বিভাগকে পরামর্শ দেওয়া হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর। |
| ৩. | **মোবাইল কোর্ট পরিচালনাঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর সভায় জানান যে, গত আগস্ট/২৩ মাসে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ০৩টি মোবাইল কোর্টের অভিযান পরিচালিত হয় এতে ১৭টি মামলা হয় এবং ৩৩,০০০/-( তেতত্রিশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়। অপরপক্ষে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক পরিচালিত ০৪টি অভিযানে ১১টি মামলা হয় এতে ৯ জনকে বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয় এবং ৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ) টাকা জরিমানা আদায় করা হয়। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় অপরাধ প্রতিরোধের লক্ষ্যে জনস্বার্থে মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান এবং মোবাইল কোর্ট পরিচালনায় সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার অনুরোধ জানানো হয়। | ১. উপজেলার আইন-শৃংখলা স্বাভাবিক রাখতে এবং অপরাধ প্রতিরোধের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা সংখ্যা বৃদ্ধির করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেওয়া হলো এবং এ বিষয়ে সবাইকে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোর<br>২. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ৪. | **নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং:** নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। নারী উন্নয়ন ফোরাম/তথ্য আপা কর্তৃক আয়োজিত উঠান বৈঠকে এবং শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়গুলো নিয়ে আলোচনা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্য সেবা কর্মকর্তা জানান যে, আয়োজিত উঠান বৈঠকে নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং বিষয়ে অভিভাবকদের সাথে আলোচনা করা হয়। | ১. নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং প্রতিরোধে অভিভাবকসহ সকলকেই সতর্ক থাকতে হবে।<br>২. অভিভাবকদের সচেতন করার জন্য অভিভাবক সমাবেশ করতে হবে।<br>৩. নারী উন্নয়ন ফোরাম এবং তথ্য আপা কর্তৃক আয়োজিত উঠান বৈঠকে বিষয়গুলো নিয়ে আলোচনা করতে হবে।<br>৪. ইউনিয়ন পর্যায়ে নিয়মিত আইন-শৃংখলাসহ নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| ৫. | **মাদক নির্মূল/প্রতিরোধঃ-** সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম জয়, যুগ্ম-সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামী লীগ, লালপুর জানান যে, ভাটপাড়া গ্রামে হ্যাকার ও মাদক সেবীদের সংখ্যা বেড়ে গেছে। সভাপতি, মডেল প্রেস ক্লাব, গোপালপুর, লালপুর তিনিও মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পুলিশ বিভাগসহ সংশ্লিষ্টদের অনুরোধ করেন। অফিসার ইনচার্জ, লালপুর থানার প্রতিনিধি থানায় লিখিত অভিযোগ করার পরামর্শ দেন। সভাপতি মাদক ও হ্যাকারদের বিরুদ্ধে অভিযান জোরদার করার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ করেন। মাদক সেবনকারী/পাচারকারী/ ব্যবসায়ী ও হ্যাকারদের সম্পর্কে সঠিক তথ্য জেনে ইউপি চেয়ারম্যান, সদস্য এবং গ্রাম পুলিশদের সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারকে এবং অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১. মাদক সংক্রান্ত কোন তথ্য জানতে পারলে তাৎক্ষণিকভাবে অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানানোর পরামর্শ দেওয়া হলো এবং মাদক প্রতিরোধ/নির্মূলে সকলকে সহযোগিতা প্রদানের পরামর্শ দেওয়া হলো।<br>২. পুলিশ বিভাগকে মাদক বিরোধী অভিযান আরো জোরদার করতে হবে। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকল। |
| ৬. | **বাল্য বিবাহ প্রতিরোধঃ** সভায় উপস্থিত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, গত আগস্ট/২৩ মাসে ঈশ্বরদী ইউনিয়নে ০১টি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। তিনি আরো জানান যে, আগস্ট/২০২৩ মাসে ০২টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সভায় বাল্য বিবাহের ক্ষতিকর দিক তুলে ধরে আলোচনা করা হয়। সভায় উপস্থিত জনাব দ্বিপেন্দ্রনাথ সাহা, সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, লালপুর, গত সভার ধারাবাহিকতায় বলেন যে, হিন্দুদের বিবাহ রেজিস্ট্রী/কাবিন বাবদ খরচের হিসাব সভায় উপস্থাপন করার কথা ছিল। সভাপতি জানান যে, সহকারী কমিশনার(ভূমি), প্রশিক্ষণে থাকায় তথ্য উপস্থাপন করা সম্ভব হয়নি। আগামী সভায় হিন্দু সম্প্রদায়ের বিবাহ রেজিস্ট্রী/কাবিন এবং বিবাহ বিচ্ছেদ সংক্রান্ত তথ্য পাওয়ার পয়েন্টে উপস্থাপনের জন্য সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোরকে অনুরোধ জানান। এছাড়াও তিনি বাল্য বিবাহ প্রতিরোধে সকলকেই সতর্ক থাকার পরামর্শ দেন। বিস্তারিত আলোচনান্তে বাল্যবিবাহ প্রতিরোধে অভিভাবকসহ মেয়র, ইউপি চেয়ারম্যান, সদস্যগণ, ইমামসহ সকল জনপ্রতিনিধি এবং নিকাহ রেজিস্ট্রারদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেওয়া হলো। এছাড়াও চেয়ারম্যান, দুড়দুড়িয়া ইউপি তার ইউনিয়নের কাজীর বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করেন। সভাপতি, কাজীর বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিলের জন্য চেয়ারম্যান, দুড়দুড়িয়া ইউপি, লালপুর, নাটোরকে পরামর্শ দেন। | ১. বাল্য বিবাহ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যান এবং সদস্য, অফিসার ইনচার্জ, কাজী/ইমাম/ অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।<br>২. বাল্য বিবাহ সংক্রান্ত কোন খবর/তথ্য পাওয়া গেলে যাচাই করে সঠিক তথ্য তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/অফিসার ইনচার্জ/ উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে।<br>৩. আগামী সভায় হিন্দু সম্প্রদায়ের বিবাহ রেজিস্ট্রী/কাবিন এবং বিবাহ বিচ্ছেদ সংক্রান্ত তথ্য পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো।<br>৪. দুড়দুড়িয়া ইউনিয়নের কাজীর বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিলের জন্য চেয়ারম্যানকে পরামর্শ দেওয়া হলো। | ১. সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোর /অফিসার ইনচার্জ/কাজী/ শিক্ষক ইমামসহ সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৭. | সন্ত্রাস/জঙ্গীবাদ দমনঃ<br>সকল মসজিদের ইমামগণ জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে আলোচনা করছেন কিনা বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। ইমামগণকে জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে আলোচনা অব্যাহত রাখার জন্য পরামর্শ দেওয়া হলো। বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোরকে অনুরোধ জানানো হয় এবং উপজেলা আইন-শৃংখলা কমিটির মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো। | ১. সকল মসজিদের ইমামদের জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে বক্তব্য প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২. ইমামগণ জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে আলোচনার বিষয়টি সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান ও সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন নিয়মিত মনিটরিং করবেন।<br>৩. সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোরকে নিয়মিত আইন-শৃংখলার মাসিক সভায় উপস্থিত থাকার জন্য পরামর্শ দেওয়া হলো। | ১. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর।<br>২. চেয়ারম্যান, সকল ইউপি ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোর।<br>৩. সুপারভাইজার, ইফা, লালপুর/সকল মসজিদের ইমাম, সভাপতি/সাধারণ সম্পাদকসহ সংশ্লিষ্ট সকল। |
| ৮. | গ্রাম আদালতঃ<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত আগস্ট/২০২৩ মাসে লালপুর উপজেলায় ১০টি ইউনিয়নে গ্রাম আদালতের মাধ্যমে ২৯টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ১০টি ইউনিয়নে ৪৬টি মামলা অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন মামলাসমূহ বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হলো। এছাড়াও সভাপতি গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাগুলো কতদিন হলো অনিষ্পন্ন রয়েছে তার তথ্য আগামী মাসিক আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের অনুরোধ জানান। | গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাসমূহ বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে এবং গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাগুলো কতদিন হলো অনিষ্পন্ন রয়েছে তার তথ্য আগামী মাসিক আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার এবং চেয়ারম্যান, সকল ইউপি, লালপুর, নাটোর। |
| ৯. | নিরাপদ সড়ক<br>দুর্ঘটনা প্রতিরোধে এবং নিরাপদ সড়ক নিশ্চিতকরণের লক্ষ্যে মোটর সাইকেল আরোহীগণ হেলমেট পরিধান করছে কিনা, নির্দিষ্ট গতিসীমার মধ্যে মোটর সাইকেল চালাচ্ছেন কি না এবং নিরাপদ সড়ক পরিবহন আইন-২০১৮ যথাযথভাবে মেনে চলছে কিনা, এবং ট্রাফিক রুলস মেনে চলছে কিনা বিষয়গুলো মনিটরিং অব্যাহত রাখার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানানো হয়। ১৮ বছরের নিচের কোন ব্যক্তি যাতে মটর সাইকেলে আরোহন করতে না পারে এ বিষয়ে সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ি মোবাইল কোর্ট পরিচালনার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেওয়া হলো। | ১. নিরাপদ সড়ক নিশ্চিতকরণের লক্ষ্যে মোটর সাইকেল আরোহীগণ হেলমেট পরিধান করছে কিনা, নিরাপদ সড়ক আইন-২০১৮ যথাযথভাবে মেনে চলছে কিনা, এবং ট্রাফিক রুলস মেনে চলছে কিনা বিষয়গুলো পুলিশ বিভাগকে মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>২. ১৮ বছরের নিচের কোন ব্যক্তি যাতে মটর সাইকেলে আরোহন করতে না পারে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণে করতে হবে এবং সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ি মোবাইল কোর্ট পরিচালনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। | ১.উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি)/ অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকল। |
| ১০. | লালপুর উপজেলায় অপরাধ প্রতিরোধে বিশেষ করে পৌর এলাকার গুরুত্বপূর্ণ রাস্তায় আলোর ব্যবস্থা এবং সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত হয়েছিল। কিন্ত সিসি ক্যামেরা স্থাপনের কাজ এখনও শেষ হয়নি। তাই মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোরকে সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য পুনরায় অনুরোধ জানানো হয়। | লালপুর উপজেলায় অপরাধ প্রতিরোধে বিশেষ করে পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটার ও অফিসার ইনচার্জ, লালপুর, থানা, লালপুর, নাটোর |
| | বিবিধঃ<br>১. যে কোন জরুরি প্রয়োজনে ৩৩৩ এবং ৯৯৯ হটলাইন নম্বরে কল করে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | যে কোন জরুরি প্রয়োজনে ৯৯৯ অথবা ৩৩৩ তে কল করে জানানোর জন্য অনুরোধ করা হলো। | স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | ২. উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সকল সদস্যকে নিয়মিত উপস্থিত থাকার নির্দেশনা দেওয়া হলো। অপরদিকে ইউনিয়ন পর্যায়ের আইন-শৃংখলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণেরও অনুরোধ জানানো হয়। | ১. উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় সকল সদস্যদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>২. সকল ইউনিয়নে নিয়মিত আইন-শৃংখলা কমিটির সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, স[illegible] ইউপি, লালপুর, নাটোর |
| | ৩. জনাব মোঃ গোলাম কিবরিয়া, সদস্য, লালপুর বাজার বণিক সমিতি জানান যে, বেশ কিছুদিন পূর্বে লালপুর বাজার হতে ট্রাক নিয়ে এসে তেলের ড্রাম চুরি করে নিয়ে যায়। এমনকি এর পরেও আবার চুরির জন্য এসেছিল কিন্তু চুরি করতে পারেনি। তিনি চুরির বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানান। সভাপতি লালপুর বাজারের সম্পূর্ণ এলাকা সিসি ক্যামেরার আওতায় আনার জন্য বাজার কমিটিকে পরামর্শ দেন এবং চুরি প্রতিরোধে পুলিশ বিভাগকে টহল জোরদার করার পরামর্শ দেন। | ১. লালপুর বাজার সম্পূর্ণ সিসি ক্যামেরার আওতায় আনার জন্য সিসি ক্যামেরা স্থাপনের পরামর্শ দেওয়া হলো।<br>২. লালপুর বাজারে চুরি প্রতিরোধে পুলিশ বিভাগকে টহল জোরদার করার পরামর্শ দেওয়া হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানা এবং সভাপতি ও সম্পাদক, লালপুর বাজার বণিক সমিতি, লালপুর, নাটোর |
| | ৪. সভায় উপস্থিত জনাব মোঃ মানিক উদ্দীন, উপাধ্যক্ষ, গোপালপুর আদর্শ মহিলা ডিগ্রী কলেজ, লালপুর জানান যে, বৃষ্টি হলেই ঠাকুরবাড়ী হতে গোপালপুর বাজার পর্যন্ত রাস্তায় পানি জমে থাকে ফলে জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে। বীর মুক্তিযোদ্ধা মোঃ সামসুল হক, জানান যে, মহল্লার ময়লা-আবর্জনা নিয়মিত অপসারণ করা হয় না। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বিষয়গুলো সমাধানের জন্য মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোরকে অনুরোধ করেন। | ১. ঠাকুরবাড়ী হতে গোপালপুর বাজার পর্যন্ত রাস্তায় পানি জমে থাকে ফলে জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে। বিষয়টি পরিদর্শন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ দেওয়া হলো।<br>২. মহল্লার ময়লা-আবর্জনা নিয়মিত অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর |
| | ৫. সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আর প্রায় ১ মাস পরেই হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় অনুষ্ঠান শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। তিনি সকল মন্দিরের সিসি ক্যামেরা ঠিক আছে কিনা তা যাচাই করে দেখার জন্য সকল মন্দির কমিটির সভাপতি/সম্পাদকে অনুরোধ করেন এবং বিষয়টি নিশ্চিত করে আগামী মাসিক সভায় তথ্য উপস্থাপন করার জন্য সভাপতি/সম্পাদক, উপজেলা পূজা উদযাপন কমিটি লালপুর, নাটোরকে অনুরোধ করেন। এছাড়াও তিনি জানান যে, আগামী ১৪/০৯/২০২৩ তারিখ বিকাল ৩.৩০ টায় জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ে লালপুর উপজেলাধীন গোপালপুর পৌর মন্দির কমিটি গঠনের লক্ষ্যে সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতার অনুরোধ জানান।<br>অপরদিকে লালপুর বাজার এলাকায় যানজট নিরসনের লক্ষ্যে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হয়েছে। ট্রাফিক পুলিশের দায়িত্ব পালনে ট্রাফিক সেড নির্মাণের প্রয়োজন রয়েছে কিনা তা জানানোর জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানাকে অনুরোধ করেন। | ১. উপজেলার সকল মন্দিরের সিসি ক্যামেরা ঠিক আছে কিনা বিষয়টি নিশ্চিত করে আগামী মাসিক সভায় তথ্য উপস্থাপন করার জন্য সভাপতি/সম্পাদক, উপজেলা পূজা উদযাপন কমিটি লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো।<br>২. আগামী ১৪/০৯/২০২৩ তারিখ বিকাল ৩.৩০ টায় জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ে লালপুর উপজেলাধীন গোপালপুর পৌর মন্দির কমিটি গঠনের লক্ষ্যে অনুষ্ঠিতব্য সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>৩. লালপুর বাজারে ট্রাফিক পুলিশের দায়িত্ব পালনে ট্রাফিক সেড নির্মাণের প্রয়োজন রয়েছে কিনা তা জানানোর জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সংশ্লিষ্ট সকল |
| | ৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর সভায় জানান যে, দু' একটি বিচ্ছিন্ন ঘটনা ব্যতীত বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃংখলা ভাল। তিনি কদিমচিলান ইউনিয়নের হত্যার ঘটনাটি সুষ্ঠুভাবে তদন্তের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি মাদকসহ যে কোন বিষয়ে সুনির্দিষ্ট ভাবে থানায় লিখিত অভিযোগ দাখিলের জন্য সকলকে পরামর্শ দেন। | ১. কদিমচিলান ইউনিয়নের জনাব মোঃ ওসমান গনি হত্যা মামলাটি সুষ্ঠু ভাবে তদন্ত কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২. যে কোন বিষয়ে লিখিত ভাবে থানায় অভিযোগ দাখিলের পরামর্শ দেওয়া হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( শামীমা সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর।

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৪৪.০০০.০৬.০০১.২০-৮৩৪

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০ / ১৩ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, ৫৮, নাটোর-০১ (লালপুর-বাগাতিপাড়া)।

২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর/ বিজ্ঞ জেলা ও দায়রা জজ, নাটোর।

৩. পুলিশ সুপার, নাটোর।

৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।

৫. ......................................................................

১৩/৯/২০২৩

(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
লালপুর, নাটোর।
টেলিফোন-০২৫৮৮৮৭৫৪০১
মোবাইল-০১৭৬২-৬৯২১১১